56

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 25 1999
পৃষ্ঠা ১০ কলাম ৬

# নীলফামারী সরকারী কলেজে শিক্ষক স্বল্পতা

নীলফামারী সংবাদদাতা ॥ নীলফামারী সরকারী কলেজে মোট ২৩জন শিক্ষকের পদ শূন্য থাকায় অনার্স কোর্সসহ বিভিন্ন বিষয়ে পাঠ্যদান চরমভাবে ব্যাহত হইতেছে।

গত বৎসর হইতে কলেজে ১০টি বিষয়ে অনার্স কোর্স চালু করা হইয়াছে। অনার্স কোর্স চালুর পূর্বে মোট ৬১ জন শিক্ষকের মধ্যে ২৩ জন শিক্ষকের পদ শূন্য ছিল। ইহাছাড়াও ৩য় শ্রেণীর ৬জনের স্থলে ৪ জন ও ৪র্থ শেণীর ১৬ জনের স্থলে ৩ জনের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য। কলেজ সূত্র অনুযায়ী ইংরাজী বিভাগে-১, অর্থনীতিতে-২, রাষ্ট্রবিজ্ঞানে-২, ইতিহাসে-১, ইসলামের ইতিহাসে-১, দর্শনে-১, ব্যবস্থাপনায়-১, হিসাব বিজ্ঞানে-২, গণিতে-১, পদার্থ বিজ্ঞানে-৪, রসায়নে-২, প্রাণীবিদ্যায়-২, উদ্ভিদ বিজ্ঞানে-৪ এবং আরবী বিভাগে ২ জন মোট ২৩ জন শিক্ষকের পদ দীর্ঘদিন যাবৎ শূন্য। এমতাবস্থায় বাংলা, ইংরাজী, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, দর্শন, ব্যবস্থাপনা, গণিত, পদার্থ বিদ্যা, রসায়ন ও উদ্ভিদ বিদ্যা বিষয়ে গত বৎসর হইতে অনার্স কোর্স চালু করা হইয়াছে। পদার্থ বিদ্যা ও উদ্ভদ বিদ্যায় মাত্র ১ জন করিয়া এবং আরবী বিভাগে শিক্ষক ছাড়াই কলেজের পাঠ্যক্রম পরিচালিত হইতেছে।

গত বৎসর অনার্স কোর্স চালুর ফলে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাওয়ার শিক্ষক সংকট প্রকট আকার ধারণ করিয়াছে। কলেজের অধ্যক্ষের সহিত যোগাযোগ করিলে তিনি শিক্ষক সংকটের পাশাপাশি ছাত্রীনিবাস না থাকায় দূর-দূরান্তের ছাত্রীরা সীমাহীন দুর্ভোগ পোহাইতেছে বলিয়া জানান। উর্ধ্বতন কর্তৃপক্ষকে বার বার জানানো সত্ত্বেও কোন ফলোদয় হইতেছে না। ফলে শিক্ষার্থীদের পড়াশুনা ব্যাহত হইতেছে।